যুগান্তর

তারিখ ……
পৃষ্ঠা 2 কলাম 2

# ঢাবি কলা অনুষদের বিভিন্ন বিভাগে এমএ পরীক্ষা পেছানোর দাবি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ছাত্রছাত্রীরা এমএ পরীক্ষা পেছানোর দাবি জানিয়েছে। গতকাল তারা কলা অনুষদের ডিনের কার্যালয়ে দাবিনামা সংবলিত স্মারকলিপি পেশ করে। আগামী ২ জুন থেকে এ পরীক্ষা শুরু হওয়ার কথা।

স্মারকলিপিতে বলা হয়, 'রাজনৈতিক কারণে সৃষ্ট অচলাবস্থা, ক্লাস ও টিউটোরিয়াল পরীক্ষা শেষ না হওয়া এবং আসন্ন বিশ্বকাপের কারণে মধ্যবর্তী সময়ে যথাযথভাবে পরীক্ষার প্রস্তুতি গ্রহণ সম্ভব হবে না।' পরীক্ষা পিছিয়ে দেয়া না হলে ধারাবাহিক আন্দোলন কর্মসূচি ঘোষণা করা হবে বলে ছাত্রছাত্রীরা জানায়।